

সখা, মোদের বেঁধে রাখো প্রেমডোরে ।  
আমাদের ডেকে নিয়ে চরণতলে রাখো ধ'রে—  
বাঁধো হে প্রেমডোরে ।  
কঠোর পরানে কুটিল বয়ানে  
তোমার এ প্রেমের রাজ্য রেখেছি আঁধার ক'রে ।  
আপনার অভিমানে দুয়ার দিয়ে প্রাণে  
গরবে আছি বসে চাহি আপনা-পানে ।  
বুঝি এমনি করে হারাব তোমারে—  
ধূলিতে লুটাইব আপনার পাষণ্ডারে ।  
তখন কারে ডেকে কাঁদিব কাতর স্বরে ॥

---

Parjaay: Porishista, Taal: Ektaal, Raag: Bhairavi  
Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail